



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.২৬৮

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮

২৭ জুন ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক “স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজনে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান।

সূত্র: জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক নম্বর: ৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০.৪৩৫৩, তারিখ: ১৭.০৬.২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন “স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে আগ্রহী। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে নির্বাচিত/বিজয়ী প্রথম ১০০ (একশত) জন নবম থেকে দ্বাদশ ও সমমানের ছাত্র-ছাত্রীকে ০২ (দুই) বছরের জন্য জনপ্রতি মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা করে “মানবাধিকার বৃত্তি” নামে বৃত্তি প্রদান করা হবে। বর্ণিত “স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ” শিরোনামে সরাসরি/অনলাইন রচনা প্রতিযোগিতার সফলভাবে আয়োজনে বিভাগীয় কমিশনারবৃন্দ ও জেলা প্রশাসকগণের সহযোগিতা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক “স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ” শিরোনামে সরাসরি/অনলাইন রচনা আয়োজনে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে এক পৃষ্ঠা। (2181/potrojariAttachmentRef/40168/0/28)

২৭-৬-২০২১

মোহাম্মদ আলতাফ হোসেন

উপসচিব

ফোন: ৯৫৪৬২৮২

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: mujib100@cabinet.gov.bd

বিতরণ:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক (সকল)


স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.২৬৮/১(৪)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮

২৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
- ৩) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৪) সচিব, জাতীয় মানবাধিকার কমিশন



২৭-৬-২০২১

মোহাম্মদ আলতাফ হোসেন

উপসচিব